
একক—১১ □ বিচার বিভাগ

গঠন

- ১১.০ উদ্দেশ্য
- ১১.১ প্রস্তাবনা
- ১১.২ আদালত ও রাজনৈতিক প্রক্রিয়া
- ১১.৩ আইনের প্রকৃতি ও রাজনৈতিক প্রক্রিয়া
- ১১.৪ আইনের কাঠামো ও বিচারপতিদের নিয়োগ
 - ১১.৪.১ বিচার বিভাগের কার্যাবলী
- ১১.৫ বিচার বিভাগের স্বাধীনতা
- ১১.৬ বিচার বিভাগের নিয়ন্ত্রণ
- ১১.৭ সারাংশ
- ১১.৮ উত্তরসংকেত

১১.০ উদ্দেশ্য

মানুষের অধিকার সুনিশ্চিত ও সংরক্ষিত করতে, অপরাধীর শাস্তি বিধান করতে, অন্যায়ের হাত থেকে নিরীহ মানুষকে রক্ষা করতে রাষ্ট্রকে একটি পৃথক বিভাগ গড়তে হয়েছিল। সৃষ্টি হয়েছিল বিচারব্যবস্থার। এই এককটি পড়লে আপনারা জানতে পারবেন—

- আদালত রাজনৈতিক প্রক্রিয়ার একটি অংশ কিভাবে হয়
- আইনের প্রকৃতি ও রাজনৈতিক প্রক্রিয়া কিভাবে পরস্পর সম্পৃক্ত
- আইনের কাঠামো কিভাবে তৈরী হয়
- বিচারপতিদের নিয়োগ, কার্যাবলী, ও নিয়ন্ত্রণ কিভাবে সম্পাদিত হয়
- বিচার বিভাগীয় স্বাধীনতা কিভাবে রক্ষিত হয়

১১.১ প্রস্তাবনা

ব্যক্তিত্বের পূর্ণ বিকাশের জন্য মানুষের কতগুলি অধিকার প্রয়োজন। এই অধিকারগুলি রাষ্ট্র আইনের মাধ্যমে স্বীকার ও সংরক্ষণের ব্যবস্থা করে। নাগরিক অধিকার সংরক্ষণের দায়িত্ব মূলত বিচার বিভাগই সম্পাদন করে। আইনের ব্যাখ্যা, বিরোধের মীমাংসা, অধিকারগুলি বাস্তবে কার্যকর করা প্রভৃতি গুরুত্বপূর্ণ কাজ বিচার বিভাগকেই করতে হয়। প্রকৃত পক্ষে বিচার বিভাগ ছাড়া রাষ্ট্রের অস্তিত্বের কথা কল্পনাও করা যায় না।